



ডুয়েটে ভিসি নিয়োগ ঘিরে সংঘর্ষ, উত্তপ্ত ক্যাম্পাস



সংগৃহীত ছবি

গাজীপুরের ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট)-এ উপাচার্য নিয়োগকে কেন্দ্র করে দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটেছে। রোববার (১৭ মে) সকাল ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার এলাকায় শুরু হওয়া উত্তেজনা পরে ত্রিমুখী সংঘর্ষে রূপ নেয়। দুপুর পর্যন্ত পরিস্থিতি থমথমে ছিল। সংঘর্ষে কয়েকজন শিক্ষার্থী আহত হয়েছেন বলে জানা গেছে। আহতদের মধ্যে কয়েকজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। শিক্ষার্থীদের অভিযোগ, বহিরাগতদের এনে তাদের ওপর হামলা চালানো হয়েছে।

সম্প্রতি সরকার ড. মোহাম্মদ ইকবাল-কে ডুয়েটের নতুন ভিসি হিসেবে নিয়োগ দেয়। তবে প্রজ্ঞাপন প্রকাশের পর থেকেই ওই নিয়োগের বিরোধিতা শুরু করেন শিক্ষার্থীরা। নিয়োগ বাতিলের দাবিতে গত বৃহস্পতিবার রাত থেকে আন্দোলনে নামেন তারা। পূর্বঘোষিত কর্মসূচির অংশ হিসেবে রোববার সকালে নবনিযুক্ত ভিসিকে 'লাল কার্ড' প্রদর্শনের কর্মসূচি পালন করা হয়। পরে শহীদ মিনার এলাকায় জড়ো হলে পরিস্থিতি সংঘর্ষে গড়ায়। শিক্ষার্থীদের দাবি, ডুয়েটের ভিসি বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ শিক্ষক থেকেই নিয়োগ দিতে হবে। তাদের ভাষ্য, বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাঠামো, প্রশাসনিক বাস্তবতা ও শিক্ষার্থীদের প্রয়োজন সম্পর্কে নিজস্ব শিক্ষকদের অভিজ্ঞতা বেশি থাকায় অভ্যন্তরীণ কাউকে দায়িত্ব দিলে দীর্ঘমেয়াদে প্রতিষ্ঠান উপকৃত হবে। এ বিষয়ে গাজীপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আমিনুল ইসলাম জানান, পুলিশ ঘটনাস্থলে রয়েছে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ করছে।